124

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 JUL 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ২ ...

# এইচএসসি ॥ ইংরেজী ১ম পত্রের পরীক্ষায় বহিষ্কার ২ সহস্রাধিক ॥ হাঙ্গামা-ভাংচুর

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (সোমবার) ১৯৯৫ সালের এইচ এস সি ইংরেজী প্রথমপত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে ২ সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। গতকালও দেশের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে হাঙ্গামা হইয়াছে। কুমিল্লা বুড়িচং কলেজ কেন্দ্রে নকল সরবরাহকারীদের সহিত পুলিশের ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। বহিষ্কারের ঘটনার প্রেক্ষিতে শিবপুরে থানা নির্বাহী অফিসারের বাসায়, শিবপুর শহীদ আসাদ কলেজে ভাংচুর করা হয়। চট্টগ্রামের সাতকানিয়া কলেজ কেন্দ্রে পুলিশের সহিত বহিরাগতদের সংঘর্ষ হয়। কালিগঞ্জের একটি কেন্দ্রে নিরাপত্তার আশঙ্কায় ১৫ জন পরিদর্শক অব্যাহতি চাহিয়া থানা নির্বাহী অফিসারের নিকট আবেদন করিয়াছেন।

কুমিল্লা সংবাদদাতা জানান :

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## এইচএসসি

( ১ম পৃঃ পর)

বুড়িচং কলেজ কেন্দ্রে হাঙ্গামা চলাকালে উচ্ছৃংখল যুবকেরা রাস্তায় ২টি গাড়ী ভাংচুর করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার লক্ষ্যে পুলিশ ৭ রাউণ্ড ফাঁকা গুলী ছোঁড়ে। ইহার পরপরই এলাকায় উত্তেজনা বৃদ্ধি পায়। উত্তেজিত যুবকেরা কর্তব্যরত ম্যাজিষ্ট্রেট ও পুলিশের একটি দলকে আটক করিয়া রাখে। উদ্ভূত পরিস্থিতে স্থানীয় প্রশাসন অতিরিক্ত পুলিশ পাঠাইয়া ম্যাজিষ্ট্রেট ও আটক পুলিশকে উদ্ধার করে। এদিকে খুলনার স্যার ইকবাল রোডে জেসমিন আকতার নামে একজন পরীক্ষার্থী কতিপয় যুবকের ক্ষুরের আঘাতে গুরুতর আহত হয়। তাহাকে খুলনা জেনারেল হাসপাতালে ভর্তি করা হইয়াছে।

কালিগঞ্জ সংবাদদাতা জানান : পরীক্ষা কেন্দ্রে নিরাপত্তার আশঙ্কায় ১৫ জন পরিদর্শক অব্যাহতি চাহিয়া থানা নির্বাহী অফিসারের নিকট একটি আবেদন করিয়াছেন

নরসিংদী সংবাদদাতা জানান : পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে গতকাল শিবপুর সরকারী শহীদ আসাদ কলেজ কেন্দ্রে ৯ জন পরীক্ষার্থী বহিষ্কারের ঘটনাকে কেন্দ্র করিয়া একদল উশৃঙ্খল যুবক পরীক্ষা শেষে থানা নির্বাহী অফিসারের বাসায়, সহকারী কমিশনারের (ভূমি) অফিসে এবং কলেজে ভাঙ্গচুর করে।

গতকাল রাজাশাহী বোর্ডে বহিষ্কারের সংখ্যা ছিল সর্বাধিক (৮৮১ জন)। ইহাছাড়া বিভিন্ন কেন্দ্রে ১ হাজার ২৩৬ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। রাজশাহী অফিস জানায়, গতকাল নবাবগঞ্জ জেলায় ৭১ জন, নাটোর জেলায় ৩৮ জন, নওগাঁ জেলায় ৩৪ জন, বগুড়া জেলায় ৭৫ জন, রংপুর জেলায় ১১২ জন, গাইবান্ধা জেলায় ৩৮ জন, কুড়িগ্রাম জেলায় ৮৭ জন, নীলফামারী জেলায় ৪৩ জন, লালমনিরহাট জেলায় ১৪ জন, দিনাজপুর জেলায় ২০১ জন, ঠাকুরগাঁও জেলায় ৫৫ জন, পঞ্চগড় জেলায় ১৬ জন, রাজশাহী জেলায় ৬৪ জন এবং পাবনা জেলায় ৩৩ জন পরীক্ষার্থী বহিষ্কার হইয়াছে।

ঢাকা বোর্ডে বহিষ্কারের সংখ্যা ৬৬৪। বোর্ড সূত্রে জানা যায় : ঢাকা মহানগরীতে ১৯ জন। ঢাকা জেলায় ২ জন, নারায়ণগঞ্জ জেলায় ১৩ জন, নরসিংদী জেলায় ৩৪ জন, মুন্সিগঞ্জ জেলায় ২৪ জন, মানিকগঞ্জ জেলায় ৮৬ জন, টাঙ্গাইল জেলায় ৮১ জন, ময়মনসিংহ জেলায় ১১৫ জন, জামালপুর জেলায় ৩৭ জন, কিশোরগঞ্জ জেলায় ২১ জন, নেত্রকোনা জেলায় ৯৪ জন, শেরপুর জেলায় ২৩ জন, ফরিদপুর জেলায় ২৪ জন, গোপালগঞ্জ জেলায় ১৭ জন, রাজবাড়ী জেলায় ৬ জন, মাদারীপুর জেলায় ৫৬ জন, শরিয়তপুর জেলায় ১২ জন বহিষ্কৃত হইয়াছে।

কুমিল্লা সংবাদদাতা জানান, চট্টগ্রাম জেলায় ১১৩ জন, কুমিল্লা জেলায় ১০১ জন, ব্রাহ্মণবাড়িয়া জেলায় ৩৫ জন, খাগড়াছড়ি জেলায় ২১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। গতকালও যশোর বোর্ডের বিস্তারিত তথ্য পাওয়া যায় নাই। বোর্ড কর্তৃপক্ষ জানায়, বিভিন্ন কেন্দ্র হইতে গতকাল ১০৪ জনকে বহিষ্কার করা হইয়াছে। বোর্ডের একজন কর্মকর্তা বলেন, নির্দেশ দেওয়া সত্বেও বিভিন্ন জেলা কেন্দ্র হইতে বহিস্কারের তথ্য নির্ধারিত সময়ে বোর্ডে পাঠানো হইতেছে না।

চট্টগ্রাম অফিস জানায়, কুমিল্লা বোর্ডের অধীনে চলতি সনের এইচ,এস,সি পরীক্ষার তৃতীয় দিনে (ইংরেজী প্রথমপত্রের পরীক্ষা) গতকাল সোমবার সাতকানিয়া ও সীতাকুণ্ডে বহিষ্কারকে কেন্দ্র করিয়া লংকাকাণ্ড ঘটে। গতকাল জেলার ৫১টি পরীক্ষা কেন্দ্র হইতে মোট ২ শত পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়।

জানা যায়, সাতকানিয়া কলেজ কেন্দ্র হইতে অসদুপায় অবলম্বনের দায়ে ৩০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এ খবর বাহিরে পৌঁছাইলে পরীক্ষা শেষের পরপরই পরীক্ষা কেন্দ্র এলাকায় ব্যাপক তাণ্ডব শুরু হয়। বহিষ্কৃত পরীক্ষার্থীরা বহিরাগতদের সহযোগিতায় কলেজ ক্যাম্পাসে দুইটি গাড়ীতে অগ্নি সংযোগ, বিভিন্ন শ্রেণীকক্ষে ভাংচুর এবং পুলিশের উপর হামলা চালায়। ইহাতে স্থানীয় পুলিশের এএসপি ও থানার ওসিসহ কমপক্ষে ৯০ ব্যক্তি আহত হয়। এ ব্যাপারে সাতকানিয়া থানার নির্বাহী কর্মকর্তা বাদী হইয়া থানায় একটি মামলা দায়ের করিয়াছেন। তিনি তাহার বাসভবনে উচ্ছৃংখল যুবকের হামলা ও ভাংচুরেরও অভিযোগ করেন।

অনুরূপ ঘটনায় সীতাকুণ্ড কলেজ কেন্দ্রে অধ্যক্ষ নাজেহাল, একটি গাড়ী ভাংচুর হয়। মহাসড়কে প্রায় ১ ঘন্টা ব্যারিকেডও সৃষ্টি করা হয়।